# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 24 June, 2025

টানা প্রায় দুই সপ্তাহের সংঘাতের পর ইরান ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি শুরু হয়েছে, যার আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছে উভয় পক্ষ।এই পরিস্থিতিকে কেন্দ্র করে এবার গাজা ভূখণ্ডেও যুদ্ধবিরতি কার্যকর করার আহ্বান জানিয়েছে গাজায় আটক ইসরায়েলি বন্দিদের পরিবারের সংগঠন।

মঙ্গলবার (২৪ জুন) আল জাজিরার খবরে জানানো হয়, হোস্টেজেস অ্যান্ড মিসিং ফ্যামিলিজ ফোরাম নামে সংগঠনটি এক বিবৃতিতে বলে,

"যারা ইরানের সঙ্গে যুদ্ধবিরতি করতে পারে, তারা চাইলে গাজাতেও যুদ্ধ থামাতে পারে।"

তারা গাজাকেও যুদ্ধবিরতির আওতায় অন্তর্ভুক্ত করার দাবি জানিয়ে নেতানিয়াহু সরকারের প্রতি দ্রুত আলোচনায় বসার আহ্বান জানিয়েছে—যাতে করে বন্দিদের ঘরে ফেরানো ও গাজা যুদ্ধের অবসান ঘটানো যায়।

বিবৃতিতে আরও বলা হয়,

"গত ১২ দিন ইরান আতঙ্কে ইসরায়েলিরা ঘুমাতে পারেনি।এখন আমরা ঘুমাতে পারছি না গাজায় আটক প্রিয়জনদের জন্য।"

ইসরায়েলি সরকারের তথ্যমতে, হামাসের হাতে এখনো ৫০ জন ইসরায়েলি বন্দি রয়েছে, যাদের মধ্যে ২০ জন জীবিত থাকার সম্ভাবনা রয়েছে।

এই দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন ইসরায়েলের বিরোধীদলীয় নেতা ইয়াইর লাপিদ। তিনি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্সে (সাবেক টুইটার) লিখেছেন:

“এখন সময় গাজার ফ্রন্ট বন্ধ করার।বন্দিদের ঘরে ফেরানোর ও যুদ্ধ থামানোর।ইসরায়েলকে এখন পুনর্নির্মাণ করতে হবে।”

ইরান-ইসরায়েল যুদ্ধ যুদ্ধবিরতি গাজা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:41

URL: https://www.timestodaybd.com/international/3622775807